

## ■■ যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৪৭. মিথ্যা সাক্ষ্যদান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## মিথ্যা সাক্ষ্যদান

আল্লাহ তা'আলা বলেছেন.

﴿ فَٱجا ٓ تَنِبُواْ ٱلرِّجاسَ مِنَ ٱلاَ أَوا ثُنِ وَٱجآ تَنِبُواْ قَوالَ ٱلزُّورِ ٣٠ حُنَفَآءَ لِلَّهِ غَيارَ مُشارِكِينَ بِهِ ١٤ ﴾ [الحج: ٣٠، ٣٠]

"সুতরাং তোমরা পৃতিগন্ধ অর্থাৎ মূর্তি, প্রতিমা থেকে দূরে থাক এবং মিথ্যা কথন থেকে দূরে থাক, আল্লাহর প্রতি একনিষ্ঠ হয়ে ও তাঁর সঙ্গে শির্ক না করে"। [সূরা আল-হাজ, আয়াত: ৩০-৩১]
হাদীসে এসেছে

«أَلاَ أُنبِّنُكُمْ بِأَكْبَرِ الكَبَائِرِ؟» ثَلاَثًا، قَالُوا: بَلَى يَا رَسُولَ اللَّهِ، قَالَ: «الإِشْرَاكُ بِاللَّهِ، وَعُقُوقُ الوَالِدَيْنِ \_ وَجَلَسَ وَكَانَ مُتَّكِئًا فَقَالَ \_ أَلاَ وَقَوْلُ الزُّورِ»، قَالَ: فَمَا زَالَ يُكَرِّرُهَا حَتَّى قُلْنَا: لَيْتَهُ سَكَتَ»

"আবু বাকরা রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমরা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মজলিসে ছিলাম। এমন সময় তিনি আমাদেরকে লক্ষ্য করে বললেন, 'আমি কি তোমাদেরকে বৃহত্তম কবীরা গুনাহ সম্পর্কে অবহিত করব না? কথাটি তিনি তিনবার বললেন। সাহাবীগণ বললেন, অবশ্যই বলবেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! (উত্তরে তিনি বললেন) আল্লাহর সঙ্গে শির্ক করা, মাতা-পিতার অবাধ্য হওয়া। তিনি হেলান দেওয়া অবস্থায় কথাগুলো বলছিলেন। অতঃপর সোজা হয়ে বসে বললেন, শুনে রাখ! আর মিথ্যা বলা ও মিথ্যা সাক্ষ্য দেওয়া। এ কথাটি তিনি এতবার বলতে থাকলেন যে আমরা শেষ পর্যন্ত বলে ফেললাম, যদি তিনি এবার ক্ষান্ত হতেন"।[1]

আলোচ্য হাদীসে মিথ্যা সাক্ষেয়র ভয়াবহতা বুঝাতে পুনঃপুনঃ কথাটি বলা হয়েছে। কেননা মানুষ এ বিষয়টিকে হালকাভাবে নিয়ে থাকে। মিথ্যা সাক্ষ্য নিষিদ্ধ হওয়ার পেছনে অনেক কারণও রয়েছে। যেমন শক্রতা, হিংসা ইত্যাদি। মিথ্যা সাক্ষ্যের ফলে ক্ষয়-ক্ষতিও হয় প্রচুর। মিথ্যা সাক্ষ্যের ফলে কত হক্ক যে বিনষ্ট হয়ে গেছে, কত নির্দোষ লোক যুলুম-নিপীড়নের শিকার হচ্ছে, কত লোক যে জিনিসের উপর তাদের কোনো অধিকার নেই তাতে অধিকার প্রতিষ্ঠা করছে, কতজন যে বংশের মানুষ নয় সে বংশের সন্তান গণ্য হচ্ছে-তার কোনো ইয়ান্তা নেই।

কিছু লোক বিচার-ফায়সালার জন্য অন্য লোককে এ বলে সপক্ষে টেনে আনে যে, তুমি আমার পক্ষে অমুক বিষয়ে আদালতে সাক্ষ্য দিবে, তোমার প্রয়োজনে আমিও তোমার পক্ষে সাক্ষ্য দিব। সাক্ষ্য দিতে হলে যেখানে ঘটনা প্রত্যক্ষ করা অপরিহার্য সেখানে হয়ত এ লোকটির সঙ্গে তার কোর্টের বারান্দায় কিংবা দহলিজে মাত্র দেখা হয়েছে। মূল ঘটনার সময় হয়ত সে আদৌ উপস্থিত ছিল না। তা সত্ত্বেও সে তার পক্ষে সাক্ষ্য প্রদান করে। তার এ মিথ্যা সাক্ষ্যের ফলে কোনো ভুমি কিংবা বাড়ীর মালিকানা প্রকৃত মালিকের হাতছাড়া হয়ে যেতে পারে। কিংবা কোনো দোষী ব্যক্তি বেকসর খালাস পেয়ে যেতে পারে, এসব সাক্ষ্য ডাহা মিথ্যা। সতরাং না দেখে না জেনে



কোনো প্রকারেই সাক্ষয় দেওয়া যাবে না। যেমন, আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ وَمَا شُهِدا نَا إِلَّا بِمَا عَلِما نَا ﴾ [يوسف: ٨١]

"আমরা যা জানি তার বাইরে সাক্ষ্য দিতে পারি না"। [সূরা ইউসুফ, আয়াত: ৮১]

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ২৬৫৪, ৫৯৭৬; সহীহ মুসলিম, হাদীস নং ৮৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10075

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন